হরতাল এখন আর গণআন্দোলনের অস্ত্র নয় : সেতুমন্ত্রী

হরতাল এখন গণআন্দোলনের অস্ত্র নয়, এটা মরিচা ধরে গেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, জনগণের পক্ষ থেকে এই হরতালে কোনো সাড়া নেই। হরতালেও রাজধানীতে যানজটের চিরাচরিত চিত্র দেখা গেছে।

আজ রবিবার ধানমণ্ডিস্থ আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সম্পাদকমণ্ডলীর সভা শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

সেতুমন্ত্রী বলেন, হরতালের মাধ্যমে এখন আর গণআন্দোলনে জনগণের সাড়া মিলে না। হরতাল নামক অস্ত্রটিতে মরিচা পড়ে গেছে। দেশের জনগণ বাস্তবতা বুঝে হরতালে সাড়া দেয়নি।

তিনি বলেন, আমাদের বাস্তবতা বিবেচনা করতে হয়। জনগণের স্বার্থের কথা বিবেচনা করতে হয়। জনগণের স্বার্থের কথা বিবেচনা করতে গেলে অর্থনৈতিক বিষয় রয়েছে। বর্তমানে সবকিছু মিলিয়ে বাংলাদেশ একটি সুষম পর্যায়ে রয়েছে। সার্বিক বিষয় মাথায় রেখেই আমাদের রাজনীতি করতে হয়।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, বিভিন্ন নির্বাচনে দলের যারা নৌকার প্রার্থীর বিরোধিতা করেছে তাদের শাস্তির আওতায় আনার বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে। বৈঠকে সাংগঠনিক বিষয়ে যেসব আলোচনা হয়েছে সেসব বিষয় দলের কার্যনির্বাহী কসিটির সভায় আলোচনা হবে।

এ সময় অন্যান্যের মধ্যে যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ, আবদুর রহমান, জাহাঙ্গীর কবির নানক, ডা. দীপু মনি, সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ চৌধুরী, আহমদ হোসেন, এনামুল হক শামীম, ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, আইনবিষয়ক সম্পাদক শ ম রেজাউল করিম, শ্রমবিষয়ক সম্পাদক হাবিবুর রহমান সিরাজ, কৃষিবিষয়ক সম্পাদক ফরিদুন্নাহার লাইলী, উপ-দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া প্রমুখ উপস্থিত ছিলেন।